


# New York State লেড রেন্টাল রেজিস্ট্রি (Lead Rental Registry) পুরানো বাড়ার বাড়ীতে সীসা রঙের ঝুঁকি দূর করে।

## 25 টি উদ্বেগজনক কমিউনিটিগুলি

এই এলাকাগুলোতে শিশুদের  
সীসার বিষক্রিয়া এবং পুরানো  
ভাড়ার বাড়ীর হার সবচেয়ে বেশী।



Albany	Kingston	Schenectady
Amsterdam	Middletown	Spring Valley
Auburn	Mount Vernon	Syracuse
Binghamton	New Rochelle	Troy
Buffalo	Newburgh	Utica
Cheektowaga	Niagara Falls	Watertown
Elmira	Poughkeepsie	Yonkers
Gloversville	Rochester	
Jamestown	Rome	



New York State লেড রেন্টাল রেজিস্ট্রি (Lead Rental Registry, LRR, জনস্বাস্থ্য আইন ধারা 1377) অনুযায়ী বাড়ীর মালিকদের সীসাজনিত ঝুঁকি পরিদর্শন ও মেরামত করা বাধ্যতামূলক। LRR আইনে 25 টি উদ্বেগজনক কমিউনিটিগুলি অন্তর্ভুক্ত রয়েছে যেখানে শিশুদের সীসার বিষক্রিয়া এবং পুরানো ভাড়ার ইউনিটের হার সবচেয়ে বেশী(মানচিত্র দেখুন)। যে সব বাড়ীর মালিকের 1980 সালের আগে তৈরি এমন ভবন রয়েছে যেখানে দুটি বা তার বেশী ইউনিট আছে, তাদেরকে অবশ্যই এই আইন মেনে চলতে হবে, এমনকি যদি সেই ইউনিটগুলোর একটিতে মালিক বা তার পরিবার বসবাস করেন তবও।

## পুরানো বাড়ীগুলিতে উঠে যাওয়া বা খসে পড়া সীসা রং এবং ধূলিকণাই হলো শিশুদের সীসার বিষক্রিয়ার প্রধান উৎস।

সীসার বিষক্রিয়া সবার জন্যই বিপজ্জনক, বিশেষ করে ছোট শিশুদের জন্য। সীসার কোনো নিরাপদ মাত্রা নেই। শরীরে একবার প্রবেশ করলে, সীসা আজীবন মস্তিষ্কের ক্ষতি, স্থায়ী আঘাত এবং প্রতিবন্ধকতার কারণ হতে পারে। 1980 সালের আগে তৈরি বাড়ীগুলি থেকে উঠে যাওয়া বা খসে পড়া সীসা রং এবং ধূলিকণা সীসার সংস্পর্শে আসার প্রধান উৎস হিসাবে রয়ে গেছে। এই ঝুঁকি প্রতিরোধযোগ্য।



Department  
of Health

[health.ny.gov/LeadRentalRegistry](http://health.ny.gov/LeadRentalRegistry)

# লেড রেন্টাল রেজিস্ট্রি LRR কীভাবে কাজ করে

উদ্বেগজনক কমিউনিটিগুলির ভাড়ার সম্পত্তিগুলোতে সীসার উপস্থিতি আছে কিনা তা পরিদর্শন করতে হবে। বাড়ীর মালিকদের তাদের ভাড়ার ইউনিটগুলো মেরামত করতে হবে, প্রত্যয়ন বা সার্টিফাই করতে হবে এবং সীসার ঝুঁকিমুক্ত হিসাবে রক্ষণাবেক্ষণ করতে হবে।



- 1 সীসা পরিদর্শনে ঘরের ভেতরে, বাইরে এবং সাধারণ ব্যবহারের স্থান বা কমন এরিয়াগুলোতে সীসার ঝুঁকি খোঁজা হয়।
- 2 পরিদর্শকরা সীসা রঙের ঝুঁকি খুঁজে বের করার জন্য ডাস্ট ওয়াইপ স্যাম্পলিং বা ধুলো মোছার নমুনা ব্যবহার করেন।
- 3 তারা উন্মুক্ত মাটিও চিহ্নিত করেন যেখানে সীসা থাকতে পারে।

## এটি খুঁজে বের করুন, এটি ঠিক করুন

সীসা পরিদর্শন এবং মেরামতের কাজ করার সময়সূচী নির্ধারণের জন্য ভাড়াটীদের বাড়ীর মালিককে বাড়ীতে প্রবেশের অনুমতি দিতে হবে।

সনদপ্রাপ্ত সীসা মূল্যায়নকারী এবং ঠিকাদারদের অবশ্যই এই কাজ করতে হবে।

পরিদর্শনের সময় পাওয়া সীসাজনিত ঝুঁকিগুলো সমস্ত স্টেট, ফেডারেল এবং স্থানীয় আইন অনুযায়ী সঠিকভাবে মেরামত করতে হবে। সীসা ছড়িয়ে পড়ার ঝুঁকি কমানোর জন্য আপনাকে কাজের জায়গা থেকে জিনিসপত্র ঢেকে রাখতে বা সরিয়ে ফেলতে বলা হতে পারে। বাড়ীর মালিকদের অবশ্যই ভাড়াটীদের সমস্ত ফলাফল এবং কার্যক্রম সম্পর্কে অবহিত করতে হবে।

মেরামতের খরচ মেটানোর জন্য বাড়ীর মালিকদের সাহায্য করতে New York State থেকে তহবিল বা ফান্ড পাওয়া যাচ্ছে।



## ভাড়াটেগণ, আপনারা আপনারদের অধিকার সম্পর্কে জানুন

যদি বাড়ীর মালিক LRR আইনের প্রয়োজনীয়তা মেনে না চলেন, তবে আপনাকে উচ্ছেদ করা যাবে না। যদি বাড়ীর মালিক আপনার বিরুদ্ধে ব্যবস্থা নেন, তবে আপনার স্থানীয় স্বাস্থ্য বিভাগকে জানান এবং নিউ ইয়র্ক অ্যাটর্নি জেনারেল হাউজিং অফিসে (New York State Attorney General Housing Office) অভিযোগ দায়ের করুন।

আরও তথ্য জানুন এখানে [health.ny.gov/LeadRentalRegistry](http://health.ny.gov/LeadRentalRegistry)